

বিস্তারিত বিবরণ
১৩/১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ন্যাশনাল একাউন্টিং উইং
মডার্নাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিসটিকস প্রজেক্ট
পরিসংখ্যান ভবন (৫ম তলা, ব্লক-১)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.৭০৯.১৪.০৩১.১৭.৩৭

তারিখ ২৮ মার্চ ১৪২৫ ব.
১০ ফেব্রুয়ারী ২০১৯ খ্রি.


কোটেশন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অধীন, 'মডার্নাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিসটিকস প্রজেক্ট' এর আওতায় ২০১৮-১৯ ও বছরের বাজেট কোড '৫-১৬৩১-৫০০২-৬৮১৯' 'অফিস সরঞ্জামাদি' খাতে প্রকল্পের কাজে ব্যবহারের জন্য ০১ (এক)টি ফটোকপি মেশিন ক্রয় করা প্রয়োজন। এতদ্ব্যতীত প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ পূর্বক RF (Request for Quotation) মোতাবেক দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	আইটেমের বিবরণ	পরিমাণ
০১	ফটো কপিয়ার মেশিন	০১ (এক)টি

শর্তাবলীঃ

- ০১। বিস্তারিত বিবরণ সম্বলিত কোটেশন সিডিউল প্রকল্প পরিচালক, মডার্নাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিসটিকস প্রজেক্ট বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন (৫ম তলা, ব্লক-১), ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭ এর দপ্তর হতে সংগ্রহ করা যাবে।
- ০২। কোটেশন নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে সর্বশেষ ১৮/০২/২০১৯ইং তারিখ বেলা ২:০০ ঘটিকা পর্যন্ত জমা প্রদান করা যাবে এবং এক দিন বেলা ২:৩০ ঘটিকায় টেন্ডার মূল্যায়ন কমিটির সদস্য বৃন্দের উপস্থিতিতে প্রাপ্ত কোটেশন মূল্যায়নের নিমিত্তে উপস্থাপন করা হবে।
- ০৩। কোটেশনের সাথে প্রতিষ্ঠানের হালনাগাদকৃত (২০১৭-১৮) সত্যায়িত ট্রেড-লাইসেন্স, টিআইএনসহ আয়কর পরিশোধের (২০১৮-১৯) সত্যায়িত কপি, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ পত্রের সত্যায়িত কপি এবং ব্যাংক সলভেন্সি সনদ (২০১৮-১৯) দাখিল করতে হবে।
- ০৪। কার্যাদেশ প্রাপ্তির অনূর্ধ্ব ১০ (দশ) দিনের মধ্যে বর্ণিত পণ্য স্পেসিফিকেশন অনুযায়ী সরবরাহ করতে হবে।
- ০৫। সরবরাহকৃত ফটো কপি মেশিনে কোন প্রকার ত্রুটি/সমস্যা দেখা দিলে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানটি নিজ খরচে যন্ত্রাংশ সংযোজন : মেরামত করতে হবে, তজ্জন্য নতুন কোন বিল দাবী করা যাবে না।
- ০৬। ইচ্ছুক দরদাতা প্রতিষ্ঠান একটি কোটেশন দলিলে বিকল্প দর প্রদান করতে পারবে না।
- ০৭। প্রচলিত হারে আয়কর, ভ্যাট, ইত্যাদি কর্তন পূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা থেকে ইস্যুকৃত চেকের মাধ্যমে দাবীকৃত বিল পরিশোধ করা হবে। এ জন্য প্রতিষ্ঠান কর্তৃক ৩ কপি চালান ও বিল (মূল কপি) দাখিল করতে হবে।
- ০৮। কোন প্রকার কারণ প্রদর্শন ছাড়াই যে কোন কোটেশন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।


(আবুল কালাম আজাদ)
প্রকল্প পরিচালক
ফোন: ৮১৮১৪৩১

বিতরণঃ

- ১। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিবিএস এর ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ২। অফিস নোটিশ বোর্ড পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৩। হিসাব শাখা, মডার্নাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিসটিকস প্রজেক্ট, বিবিএস, ঢাকা।
- ৪। সরবরাহকারী প্রতিষ্ঠান.....